

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

সাঁতের বাজার এসএমই/কৃষি শাখা,
বোয়ালমারী, ফরিদপুর।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সাঁতের বাজার এসএমই/কৃষি শাখা, বোয়ালমারী, ফরিদপুর এর ঋণগ্রহীতা মেসার্স আগমণী ট্রেডার্স, ঠিকানা-সাঁতের বাজার, বোয়ালমারী, ফরিদপুর, মালিক জনব সুবাস চন্দ্র সাহা, পিতা- মৃত কালিপদ সাহা, ঠিকানা- সাং-বড় নগর, ডাকঘর-ধোপাঘাটা-৭৮৬০, থানা-বোয়ালমারী, উপজেলা-বোয়ালমারী, জেলা-ফরিদপুর কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের রমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৮.০৬.২০১৭ ইং তারিখ পর্যন্ত ঋণ হিসাবে বকেয়া স্থিতি বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৮০,৭৫,৭৫৪.৮৮ (এক কোটি আশি লব পাঁচাত্তর হাজার সাত শত চুয়ান্ন টাকা আটশি পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আর্থী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

- ১) জেলা-ফরিদপুর, থানা-বোয়ালমারী, মৌজা-১২৫/১৩ নং ঘোষণাপুর, খতিয়ান নং- আর.এস-৬৭১, এস.এ-৬৫২, বি.আর.এস-১৫১৫, দাগ নং-আর.এস ও এস.এ-৫০২৬, বি.আর.এস-৫০৩৬, জমির পরিমাণ ১১১.০০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।
- ২) জেলা-ফরিদপুর, থানা-বোয়ালমারী, মৌজা- ৯২/৪৭ নং কান্দাকুল, খতিয়ান নং- এস.এ-৭২৮, বি.আর.এস-৭৫৪, বি.আর.এস.প্রস্রাবিত খতিয়ান নং-৭৫৪, দাগ নং-আর.এস ও এস.এ-১০৫৫, বি.আর.এস- ৯৮১, জমির পরিমাণ ১০৪.০০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।
- ৩) জেলা-ফরিদপুর, থানা-বোয়ালমারী, মৌজা-১২৬ নং বড়নগর, খতিয়ান নং- এস.এ-৫১,৫৩, বি.আর.এস-৪৯,৭৩, বি.আর.এস. প্রস্রাবিত খতিয়ান নং-৫১/১, ৫৩/১, দাগ নং- আর.এস ও এস.এ-১১১,১১২/২৫৫, বি.আর.এস-৪৯, জমির পরিমাণ (১১.০০+৪.০০) = ১৫.০০ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি।

নিলামের শর্তাবলী

১. আগামী ২৭.০৭.২০১৭ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সাঁতের বাজার এসএমই/কৃষি শাখায় রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
২. প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সাঁতের বাজার এসএমই/কৃষি শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
৩. উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
৪. দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
৫. দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্রাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্রাব অগ্রাহ্য করিতে পারিবেন।
৬. ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./ পলসী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
৭. দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্রাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব, স্বত্বেও দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
৮. দরপত্রের মাধ্যমে নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্মারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
৯. ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, সাঁতের বাজার এসএমই/কৃষি শাখা, বোয়ালমারী, ফরিদপুর।